


ISO 9001:2015 Certified



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
Mymensingh Palli Bidyut Samity-3.  
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ময়মনসিংহ পবিস-৩  
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।  
Email: mpbs3@yahoo.com  
Web: pbs3.mymensingh.gov.bd



স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০১.০৩৮.২২.৪৬৫৯

তারিখ: ১১ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ  
২৬ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “পোল পরিবহন ও লোডিং/আনলোডিং”  
করণের দরপত্র বিজ্ঞপ্তি।**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নের বর্ণনা অনুযায়ী পোল চাঁদপুর পবিস-২ হতে পরিবহন করে ময়মনসিংহ পবিস-৩ এর সদর দপ্তরের নির্ধারিত স্থানে রাখার লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত পরিবহনকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	আইটেম নং	মালামালের বিবরণ ও পরিমাণ	যে স্থান হতে পরিবহন হবে	যে স্থানে পৌঁছাবে	একক মূল্য (প্রতিটি পোল)	মোট মূল্য (টাকা)
০১	আর-৪৩/৪৪	এসপিসি পোল (৩৫-৫/৬) ১৪০ টি	চাঁদপুর পবিস-২	ময়মনসিংহ পবিস-৩		
মোট কথায়ঃ						

**দরপত্র গ্রহণ ও খোলার বিবরণঃ**

	তারিখ	সময়	স্থান
দরপত্র গ্রহণ	১৮/১২/২০২২ খ্রিঃ	বেলা ১১:০০ ঘটিকা	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
দরপত্র খোলা	১৮/১২/২০২২ খ্রিঃ	বেলা ১১:০৫ ঘটিকা	ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

**শর্তাবলীঃ**

- ০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে বর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০২। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “পোল পরিবহন ও লোডিং/আনলোডিং এর দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৩। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদ ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্র ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। দরপত্রে একক দর মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

অঃপূঃদঃ


- ০৫। নির্ধারিত তারিখের মধ্যে বর্ণিত পোল পরিবহন কাজ সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ০৬। পোল পরিবহন কাজ দক্ষ জনবল দ্বারা সুষ্ঠুভাবে অতীব সতর্কতার সাথে যত্নসহকারে সম্পন্ন করতে হবে যাতে কোনভাবেই ভেঙে না যায়/ক্ষতিগ্রস্থ না হয়। যে কোন ধরনের ক্ষতির দ্বায়ভার পরিবহনকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ০৭। সন্তোষজনকভাবে পোল পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী-চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়ম অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিতভাবে অনুরোধ করতে হবে।
- ০৯। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১০। দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ- (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)**

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র গ্রহণ ও খোলার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কার্যালয়/সড়ক ও জনপথ, ময়মনসিংহ।
- ০৭। ডিজিএম, কারগিরী/ফুলপুর/দৈর্ঘ্যগঞ্জ/হালুয়াঘাট ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/আইটি), মপবিস-৩।
- ০৯। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ১১। মেসার্স.....
- ১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-৩: অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড, মপবিস-৩।
- ১৪। অফিস কপি/মান্ডার কপি।



(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার

